10

আজকের কাগজ

তারিখ 23 OCT 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# শম্ভু বনাম শিক্ষামন্ত্রী

**গাজী আবু বকর সিদ্দিকী** ঃ গতকাল সংসদে বেসরকারি সদস্যদের একটি সিদ্ধান্ত প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নেন এ্যাডভোকেট ধীরেন্দ্র দেবনাথ শম্ভু। প্রস্তাবটি ছিলো শিক্ষামন্ত্রণালয় সংক্রান্ত। আলোচনাকালে শিক্ষামন্ত্রী একমনে কাজ করে যাচ্ছিলেন। হঠাৎ শম্ভুর আক্রমণাত্মক বক্তৃতা শোনার জন্যে তিনি মাথা নিচু করে টেবিলে স্থাপিত সাউন্ড বক্সের নিকট কান লাগিয়ে শুনতে থাকলেন। কিন্তু বাধ সাধলেন ডেপুটি স্পীকার হুমায়ুন খান পন্নী। তিনি শম্ভুকে কার্যপ্রণালী বিধির ১২০-এর প্রতি আকৃষ্ট করে তাঁর বক্তৃতার ধারা পরিবর্তনের চেষ্টা করলেন। ঠিক এ সময় বাধাপ্রাপ্ত সাংসদ শম্ভুকে উদ্ধার করলেন বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা। তিনি শম্ভুকে বলার সুযোগ দেবার জন্যে ডেপুটি স্পীকারের প্রতি ইঙ্গিত করেন। উল্লেখ্য, সংশোধনী প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে শম্ভু শিক্ষানীতি, ছাত্র সমাজের অবাস্তবায়িত ১০ দফাসহ অন্যান্য বিষয়ের প্রতি আলোকপাত করেন। জবাবে অবশ্য শিক্ষামন্ত্রী তাঁকে কালো গাইয়ের দুধ, পোড়া বাড়ির মিষ্টি সাভারের মুরগী-রাজশাহীর আম খাওয়ায়ে ছাড়েন।